# বাংলাদেশ বিএনপির কাছে নিরাপদ নয়: শিবির সেক্রেটারি




সংগৃহীত ছবি

ইসলামী ছাত্রশিবিরের কেন্দ্রীয় সেক্রেটারি জেনারেল নুরুল ইসলাম সাদ্দাম মনে করেন, বর্তমান সময়ে অর্থের জোরে ভোট জিতানো সম্ভব নয়। শনিবার (১৫ নভেম্বর) মেহেরপুর জেলা ছাত্রশিবিরের আয়োজিত সমাবেশে তিনি বলেন, বিএনপি অতীতের চাঁদাবাজির টাকা ব্যবহার করে আবার ভোটে প্রভাব বিস্তার করার চেষ্টা করবে।

তিনি আরও বলেন, “বিএনপি বড় অঙ্কের চাঁদাবাজি করবে, তারপর সামান্য অংশ জনগণের মধ্যে বিলি করবে। ভোট দিলে তারা সেই টাকা ফেরত নেবে। বিএনপিতে সত্যিকারের সৎ মানুষ কম। নিজের মধ্যকার সংঘাতের কারণে তারা ১৮৫ জনকে হত্যা করেছে। সম্প্রতি প্রকাশিত ১৫৫ জনের তালিকায় বেশিরভাগই ছাত্রশিবিরের সদস্য ছিল। নিজের উদ্দেশ্য হাসিল করতে তারা ছাত্রশিবিরের নাম ব্যবহার করেছে।”

সমাবেশে মেহেরপুর জেলা ছাত্রশিবিরের সভাপতি আব্দুস সালামের সভাপতিত্বে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় গবেষণা সম্পাদক ফখরুল ইসলাম, জেলা জামায়াতে ইসলামীর আমির মাওলানা তাজউদ্দিন খান, সাধারণ সম্পাদক ইকবাল হুসাইন, সদর উপজেলা জামায়াতে ইসলামীর আমির সোহেল রানা, আদর্শ শিক্ষক ফেডারেশনের সভাপতি আল আমিন বকুল এবং জেলা ছাত্রশিবিরের সেক্রেটারি মো. সাইদুর রহমান।

LENS ASIA